

নম্বর: ৪৩.০০.০০০০.১১৩.১২.০৩৫.১৫.৪৩

তারিখ: ২২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

গণগ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫ এর তফসিল-১ এর ক্রমিক নং ২ মোতাবেক ডিপি সি কমিটির সুপারিশের আলোকে গণগ্রন্থাগার অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাদের চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী তাদের নামের পাশে বর্ণিত পদ ও বেতন স্কেলে পদোন্নতি প্রদান করা হলো :

ক্রমিক নম্বর	গ্রেডেশন নম্বর	প্রার্থীর নাম ও ফিডার পদ	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)
১.	১	জনাব ফিরোজা পারভীন প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)/ প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক	পরিচালক বেতনস্কেল : ৫০,০০০-৭১,২০০/- (৪র্থ গ্রেড)
২.	২	এ, এইচ, এম, কামবুজ্জামান প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)/ প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক	পরিচালক বেতনস্কেল : ৫০,০০০-৭১,২০০/- (৪র্থ গ্রেড)
৩.	৩	জনাব দিলীপ কুমার সাহা প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)/ প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক	পরিচালক বেতনস্কেল : ৫০,০০০-৭১,২০০/- (৪র্থ গ্রেড)

শর্তসমূহ:


- (১) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতির আদেশ ভূতাপেক্ষভাবে ২৯/০১/২০২৬ তারিখ থেকে কার্যকর হবে।
- (২) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ০১ (এক) বছর পর্যন্ত শিক্ষানবিস হিসেবে বিবেচিত হবেন। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ বৃদ্ধি করে সর্বসাকুল্যে ০২ (দুই) বছর করতে পারবে;
- (৩) শিক্ষানবিশ মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, অথবা তার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে যে পদ থেকে পদোন্নতি দিয়েছিল, সে পদে প্রত্যাবর্তন করতে পারবে;
- (৪) শিক্ষানবিশ মেয়াদ চলাকালে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তার আচরণ ও কর্ম সন্তোষজনক সাপেক্ষে পদোন্নতিপ্রাপ্ত পদে তার চাকরি স্থায়ী করা হবে;
- (৫) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে সময়ে সময়ে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন। তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বছর উত্তীর্ণ হয়েছে, সে সকল কর্মচারীকে তফসিল-১ এ বর্ণিত পদের শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার ০১ (এক) বছরের মধ্যে স্থায়ী হওয়ার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করতে হবে না ;
- (৬) প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী পদোন্নতিপ্রাপ্ত পদে তাদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- (৭) পরবর্তীতে কোনো কর্মকর্তার বিরুদ্ধে কোনো বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে তার ক্ষেত্রে এই আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে ; এবং
- (৮) জারিকৃত প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাদের চাকরি সংক্রান্ত বিষয়াদি 'গণগ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫' মোতাবেক এবং সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবে;

চলমান পাতা-০২ দৃষ্টব্য :

পূর্ববর্তী পৃষ্ঠার পর :

০২। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোহাঃ খালিদ হোসেন)

উপসচিব

ফোন: ০২-৫৫১০০৭৩৮

ই-মেইল : ds2@moca.gov.bd

নম্বর: ৪৩.০০.০০০০.১১৩.১২.০৩৫.১৫.৪৩

তারিখ: ২২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ

০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি, জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/লাইব্রেরি ও আইন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ০১ মিল্টো রোড, বিএসএল ভবন, রমনা, ঢাকা।
- ০৫। যুগ্মসচিব (লাইব্রেরি), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সচিবের একান্ত সচিব(উপসচিব), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
- ০৯। সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অডিট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। চিফ একাউন্টস ও ফিন্যান্স অফিসার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। জনাব ফিরোজা পারভীন, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, আইইবি ভবন, রমনা, ঢাকা।
- ১২। জনাব এ, এইচ, এম, কামরুজ্জামান, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ০১ মিল্টো রোড, বিএসএল ভবন, রমনা, ঢাকা।
- ১৩। জনাব দিলীপ কুমার সাহা, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট।
- ১৪। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।



(মোহাঃ খালিদ হোসেন)
উপসচিব।